দামুড়হুদায় ঘুমন্ত অবস্থায় সর্পদংশনে যুবকের মৃত্যু

দামুড়হুদার জুড়ানপুর রামনগরে ঘুমন্ত অবস্থায় সর্পদংশনে এক যুবকের মৃত্যু হয়েছে।
জানা গেছে, দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের রামনগর গ্রামের মৃত. আমিরুলের ছেলে আতিকুর রহমান (২৮) সর্পদংশনে মৃত্যু হয়। গতকাল সোমবার বেলা ১১ টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।
পারিবারিক সূত্রে জানা যায়, আতিকুর কার নিজ বাড়ির মাটির ঘরে ঘুমিয়ে ছিলেন। ধারণা করা হচ্ছে গতকাল সোমবার ভোরের দিকে ঘুমন্ত অবস্থায় তাকে সর্পদংশন করেন। কিছু ক্ষণ পর তার বিষের যন্ত্রণায় ছটফট করতে থাকলে পরিবারের সদস্যরা টের পেয়ে ঘরে ডুকে একটা সাপের উপস্থিতি দেখে।
আহত অবস্থায় তাকে উদ্ধার করে স্থানীয় এক কবিরাজের কাছে নেওয়া হলে, কবিরাজ কাছে তার অবস্থার অবনতি ঘটলে সকাল ৯ টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেন পরিবারের সদস্যরা। এসময় চিকিৎসাধীন অবস্থায় বেলা ১১ টার দিকে আতিকুরের মৃত্যু হয়।
স্থানীয়রা জানান, আতিকুরকে তার নিজ বাড়িতে ঘুমন্ত অবস্থায় সাপে কামড়ায়। সে দরিদ্র পরিবারের সন্তান তার চায়ের দোকান ছিলো। তাদের মাটির ঘর হওয়াতে সাপ সহজেই ঘরে ডুকে কামড় দিয়েছে। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ডাঃ সোহানা আহমেদ জানান, সকালে মুমূর্ষু অবস্থায় হাসপাতালে নেন তার পরিবারের সদস্যরা। তাকে হাসপাতালে ভর্তি করা হয়, পরে চিকিৎসাধীন অবস্থায় আতিকুরের মৃত্যু হয়।

আলমডাঙ্গায় স্কুল ছাত্রীকে

শ্লীনতাহানির অভিযোগ, আটক-১

আলমডাঙ্গায় ২শত টাকার প্রলোভন দেখিয়ে তৃতীয় শ্রেণীর স্কুল ছাত্রীকে জোরপূর্বক ভুট্টা ক্ষেতে নিয়ে শ্লীনতাহানি চেষ্টার অভিযোগ উঠেছে।
গতকাল সোমবার দুপুর ১ টার দিকে ভাংবাড়িয়া ইউনিয়নের নান্দবার গ্রামে এ ঘটনা ঘটে।
শ্লীনতাহানি চেষ্টার অভিযোগে খাইরুল (৪৫) নামের একজনকে আটক করে পুলিশ। এ ঘটনায় স্কুল ছাত্রীর মা বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছে।
জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের নান্দবার গ্রামের তৃতীয় শ্রেণীর স্কুল ছাত্রী দুপুরে মাঠে ছাগলের জন্য ঘাস কাটতে যায়।
এ সময় স্কুল ছাত্রীকে মাঠে একা পেয়ে নান্দবার গ্রামের মৃত নফল মন্ডলের ছেলে খাইরুল সুযোগ বুঝে কুপ্রস্তাব দেয়।
সে তার প্রস্তাবে রাজি না হওয়ায় স্কুল ছাত্রীকে জোরপূর্বক ২শত টাকা দিয়ে ভুট্টা ক্ষেতে অনৈতিক কাজের জন্য টেনে নিয়ে যায়। স্কুল ছাত্রীর চিৎকারে মাঠের উপস্থিতি লোকজন ছুটে আসে।
লম্পট খাইরুল মাঠ দিয়ে দৌড়ে পালিয়ে যায়। স্কুল ছাত্রীর স্বীকারোক্তিতে এলাকাবাসী খাইরুলকে আটক করে। পরে, সাধারণ লোকজন গণধোলাই দিয়ে পুলিশের হাতে তুলে দেয়।
গতকাল সোমবার রাত ৯ টার দিকে স্কুল ছাত্রীর মা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেন।
এ ঘটনায় আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমঙ্গীর কবির বলেন, স্কুল ছাত্রীর সাথে শ্লীনতাহানির অভিযোগে খাইরুল নামের এক ব্যাক্তিকে আটক করা হয়েছে। রাতেই স্কুল ছাত্রীর মা বাদি হয়ে মামলা দায়ের করেছে।

চুয়াডাঙ্গায় ৭জন করোনায়

আক্রান্ত

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্তের তুলনায় সুস্থতার হার দিন দিন কমছে। তবে স্বাস্থ্যবিধি মেনে না চললে আক্রান্তের সংখ্যা আরো বাড়তে পারে বলে ধারণা করছেন বিশেষজ্ঞরা।
চুয়াডাঙ্গায় গত ২৪ ঘণ্টায় নতুন করে ৭জন করোনা আক্রান্ত হয়েছেন। বিষয়টি নিশ্চিত করেছে চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডাঃএ এস এম মারুফ হাসান।
এই নিয়ে চুয়াডাঙ্গায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়ালো ১৮০৪ জনে। ৪৯ জনের নমুনা পরীক্ষা করে ৭জন আক্রান্ত হন এই নিয়ে মোট নমুনা পরীক্ষা সংখ্যা ১০৪৭৮ জন। ◌ৃ
গত ২৪ঘন্টায় সুস্থ হয়েছে আরো ১জন, এই নিয়ে মোট সুস্থ হয়েছেন ১৬৩৫ জন। গত ২৪ ঘন্টায় কোন ব্যক্তি মৃত্যুবরণ না করলেও মোট মৃতের সংখ্যা এই পর্যন্ত ৪৭ জন এবং ঢাকায় মৃত্যুবরণ করেছেন আরো ৫ জন।

চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় কৃষক নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার হিজলগাড়ি এলাকায় মাইক্রোবাসের ধাক্কায় ব্যাটারীচালিত পাখিভ্যানের যাত্রী ইউসুফ হোসেন (৭০) নামে এক কৃষক নিহত হয়েছেন।
এসময় তাঁর স্ত্রী মঞ্জুরা বেগম (৬৩) ও শালিকা ফাহিমা খাতুন (৪০) আহত হন।
গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার দিকে এই দূর্ঘটনা ঘটে। নিহত ইউসুফ দামুড়হুদার বাঘাডাঙ্গা গ্রামের মৃত রবগুল হোসেনের ছেলে। পুলিশ জানায়, সদর উপজেলার ডাকবাংলা বাজার থেকে পাখিভ্যানে করে বাঘাডাঙ্গা গ্রামে যাচ্ছিলেন ইউসুফ হোসেন, তাঁর স্ত্রী ও শ্যালিকা। পথে হিজলগাড়ি পৌঁছালে একটি মাইক্রোবাস (বগুড়া- চ-১১-০০১৭) পেছন থেকে পাখিভ্যানটিকে ধাক্কা দিলে তিনজনই রাস্তায় ছিটকে পড়ে আহত হন।

আহতদের চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক ওয়াহিদ মাহমুদ রবিন কৃষক ইউসুফ হোসেনকে মৃত ঘোষণা করেন।

জীবননগর প্রেসক্লাবের দ্বী- বার্ষিক নির্বাচন

জীবননগর প্রেসক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে প্রেসক্লাব কার্যালয়ে ভারপ্রাপ্ত সভাপতি এসএম কামাল উদ্দিন জোয়াদের সভাপতিত্বে সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়।

নির্বাচনে এম আর বাবু সভাপতি ও কাজী সামসুর রহমান চঞ্চল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

কমিটির সহ-সভাপতি পদে নারায়ণ ভৌমিক, সহ-সম্পাদক পদে মুন্সী রায়হান উদ্দিন, অর্থ সম্পাদক পদে মামুন-উর রহমান, দপ্তর সম্পাদক হুমায়ন কবীর, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে নূর আলম, সমাজ কল্যাণ সম্পাদক পদে শেখ শহিদুর, নির্বাহী সদস্য পদে এসএম কামাল উদ্দিন জোয়াদ, সালাউদ্দীন কাজল ও আতিয়ার রহমান হয়েছেন।

নির্বাচন পরিচালনা করেন সিনিয়র সাংবাদিক কামাল সিদ্দিকী বাবু, শেখ সামসুল আলম ও আবু সাঈদ বাবুল।

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধু এনপিএল ক্রিকেট লীগের উদ্বোধন

চুয়াডাঙ্গায় স্বল্প পরিসরে বঙ্গবন্ধু এনপিএল (নাইটিঙ্গেল প্রিমিয়ার লীগ) ক্রিকেট লীগ-২০২১ এর উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টায় সামাজিক দূরত্ব বজায় রেখে এ লীগের উদ্বোধন করা হয়।

চুয়াডাঙ্গা হায়দার আলী জোয়ার্দ্দার প্যাভিলিয়ন সংলগ্ন পুরাতন স্টেডিয়ামে এ ক্রিকেট লীগের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার মো. জাহিদুল ইসলাম।
চুয়াডাঙ্গার নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমির প্রতিষ্ঠাতা সভাপতি জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল-আমিন, সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, বঙ্গবন্ধু এন.পি.এল ক্রিকেট লীগের কো- চেয়ারম্যান মাহফুজুর রহমান জোয়ার্দ্দার মিজাইল, চুয়াডাঙ্গা ফজিলাতুন্নেছা মুজিব মহিলা ক্রিকেট একাডেমির সাধারণ সম্পাদক সামসুদ্দোহা মালিক হাসু, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দ্দার অনিক, জেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য নাসির আহাদ জোর্য়াদ্দার ও সাবেক কৃতি ক্রিকেটার সুরেশ কুমার আগরওয়ালা পিন্টু।

উদ্বোধন শেষে ক্রিকেট পিচে ব্যাটিং ও বোলিং করে ক্রিকেট লীগের আনুষ্ঠানিক উদ্বোধন করেন অতিথিবৃন্দ।

ব্যাটিং করেন প্রধান অতিথী পুলিশ সুপার জাহিদুল ইসলাম ও বোলিং করেন অনুষ্ঠানের সভাপতি রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। শেষে উদ্বোধনী দু-দলের অধিনায়ককে সাথে নিয়ে টস করে অতিথিগণ খেলার সূচনা করেন।

উদ্বোধনী ম্যাচে শেখ রেহেনা একাদশ ও ফজলে নুর তাপস একাদশের মধ্যেকার ম্যাচ টাই হলে প্রচন্ড গরমের কারনে সুপার ওভার না খেলিয়ে ১-১ পয়েন্ট করে পয়েন্ট ভাগা-ভাগি করা করে দেওয়া হয়।

উল্লেখ্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ও স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের আয়োজনে ও চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমির ব্যবস্থাপনায় ক্রিকেট লীগটি শুরু হলো।

খেলায় যে ৮টি দল অংশ নিচ্ছে তারা হলো শেখ কামাল একদাশ (চুয়াডাঙ্গা জেলা প্রশাসন), শেখ জামাল একাদশ (পুলিশ প্রশাসন), শেখ রাসেল একাদশ (চুয়াডাঙ্গা প্রেসক্লাব), শেখ আবু নাসের একাদশ

(চুয়াডাঙ্গা মুক্তিযোদ্ধা কমান্ড), শেখ সজিব ওয়াজেদ জয় একাদশ (ফার্স্ট ক্যাপিটাল ইউনিভারসিটি), শেখ রেহেনা একাদশ (চুয়াডাঙ্গা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা ক্রিকেট একাডেমি), শেখ মনি একাদশ (চুয়াডাঙ্গা পৌরসভা) ও শেখ ফজলে নুর তাপস একাদশ (চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমি)।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান, জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদর উপজেলায় ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়েছেন। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার সময় চুয়াডাঙ্গা সদরের ডিঙ্গেদহ বাজার এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে মাস্ক পরিধান না করা এবং স্বাস্থ্য বিধি না মানার অপরাধে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নিমূল) আইন, ২০১৮ এর ২৪ ধারায় ৫ টি মামলায় ১৪ জন কে সর্বমোট ৩,৭৫০/- টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা ও সার্বিকভাবে সহযোগিতা করেন পেশকার সোবহান আলী, ও অফিস সহায়ক মোঃ আরমান আলী এবং সরোজগঞ্জ ফাঁড়ি পুলিশের চৌকস দল।

এসময় উপজেলা নির্বাহী অফিসার মোঃ সাদিকুর রহমান বলেন, সরকারের সকল নিয়ম-নীতি মেনে চলতে হবে, প্রয়োজন ছাড়া ঘরের বাহিরে বের হওয়া যাবেনা এবং সকলকে মাস্ক পরিধান করে বাইরে বের হতে হবে জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন তিনি।

দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত

‘পশুপাখি মারবো না, পরিবেশের ক্ষতি করবো না’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টায় দামুড়হুদা উপজেলার বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের হল রুমে বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনা অঞ্চলের আয়োজনে ও বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও আবাসস্থল উন্নয়ন প্রকল্পের অর্থায়নে এই সভার আয়োজন করা হয়।

বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনার মৎস্য বিশেষজ্ঞ মফিজুর রহমান চৌধুরী, কুতুবউদ্দিন মাস্টার, আওয়ামী লীগ নেতা মতিউর রহমান মতি, সেলিম উদ্দিন মাস্টার, হাসান আলী মাস্টার, সাংবাদিক মশিউর রহমান, উদায়ন সংঘের প্রচার সম্পাদক শেখ সাদায়েত হোসেন সহ প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক গোলাম ছারোয়ার নান্নু।

অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত করেন বিষ্ণূপুর মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক বেলায়েত হোসেন।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য প্রদান করেন নবম শ্রেণীর শিক্ষার্থী আফরোজ।

এসময় প্রধান অতিথির বক্তব্যে সুদিপ্ত কুমার সিংহ বলেন, পাখি ও প্রকৃতি পরিবেশের অবিচ্ছেদ্য অংশ। আমাদের দেশে প্রায় ৩৩৭ প্রজাতির দেশীয় পাখি রয়েছে। পাখি হল প্রকৃতির কীটনাশক, এরা কীট-পতঙ্গ ও নোংরা আবর্জনা খেয়ে রোগবালাই দমন করে পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইনে পাখি শিকার, হত্যা, ক্রয়-বিক্রয় ও পাচার করা দণ্ডনীয় অপরাধ। তাই আসুন আমরা সকলে আমদের পরিবেশটাকে সুন্দর রাখতে, নিজের অস্তিত্ব ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য বন্যপ্রাণী সংরক্ষণ করি।

আলমডাঙ্গায় মাদ্রাসায় ছাত্রকে বলাৎকার, শিক্ষক আটক

আলমডাঙ্গার পোয়ামারী মাদ্রাসা ছাত্র (১২)কে বলাৎকারের অভিযোগে আবু মুছা নামে এক মাদ্রাসা শিক্ষককে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা ৭ টার দিকে বেলগাছি ইউনিয়নের পোয়ামারী এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসায় এ ঘটনাটি ঘটে।

মাদ্রাসা ছাত্রের চিৎকারে এলাকাবাসী ছুটে এসে মাদ্রাসা ছাত্রকে উদ্ধার করে শিক্ষক আবু মুছাকে গণধোলায় দেয়।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের পোয়ামারী গ্রামে অবস্থিত এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসা। ওই মাদ্রাসায় গত ৩ বছর পূর্বে বেলগাছি গ্রামের রথখোলা পাড়ার জামাল হোসেনের ছেলে আবু মুছা শিক্ষক হিসাবে চাকুরিতে যোগদান করে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে এশার নামাজের পর ওই ছাত্রকে ফুঁসলিয়ে মাদ্রাসা একটি কক্ষে নিয়ে যায়। এ সময় জোরপূর্বক ওই ছাত্রকে বলাৎকার চেষ্টা চালালে মাদ্রাসা ছাত্র চিৎকার দিলে মাদ্রাসার ছাত্রসহ এলাকাবাসী ছুটে যায়।

এলাকাবাসী জানান, রাত প্রায় ৮ টার দিকে মাদ্রাসা থেকে ছাত্রদের চিৎকার শুনে সকলে দৌড়ে মাদ্রাসা প্রাঙ্গণে যায়। এসময় ওই মাদ্রাসায় সকল ছাত্ররা দলবদ্ধ ভাবে ছোটাছুটি করে। তাদের মাঝে একটি শিশু কান্না কন্ঠে তাকে বলাৎকারের ঘটনাটি জানায়। এসময় উৎসুক জনতা মাদ্রাসা শিক্ষককে গণধোলাই দেয়।

এছাড়াও, মাদ্রাসার অনেক ছাত্রের সাথে জোরপূর্বক অনৈতিক কাজ করে

বলে অনেক ছাত্র অভিযোগ করে।

পরে, আলমডাঙ্গা থানা পুলিশকে খবর দিলে রাত ১০ টার দিকে মাদ্রাসা শিক্ষককে আটক করে পুলিশ। গতকাল সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে জানাযায়।

দর্শনায় ৪ কেজি গাঁজা সহ ৩ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪ কেজি গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করা হয়।

পুলিশ জানায় গত শুক্রবার রাত সাড়ে ১০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে এস আই মোঃ সাইফুল ইসলাম, এস আই খান আব্দুর রহমান, এ এস আই মোঃ মারুফ এবং সঙ্গীয় ফোর্স সহ দর্শনা থানাধীন মদনা পাঠানপাড়া গ্রামের মোঃ ইছাহক (ইশা) এর বসতবাড়ির উঠান হইতে ০৪ (চার) কেজি গাজা সহ ৩ জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, চুয়াডাঙ্গার দর্শনা থানার মদনা(পাঠানপাড়া) মোঃ আশরাফ আলীর ছেলে মোঃ টগর আলী (১৯) ও একই গ্রামের মৃত রহমত উল্লাহর ছেলে মোঃ কিতাবুল (২৮)।

পুলিশ জানায় গ্রেফতার কৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।